# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION
BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH
www.bcic.gov.bd

নং-৩৬.০১.০০০০.১২৬.১১.৪০১.২২/ ৮৫২ তারিখ: ১৩/১২/২০২২ খ্রি.

বর্তমান ঠিকানাঃ
জনাব মোঃ মুরাদ
পিতা ঃ মোঃ শাহাব উদ্দিন
গ্রাম ঃ ঘুরচাকাঠী
ডাক- ঘুরচাকাঠী
উপজেলা ঃ বাউফল
জেলা ঃ পটুয়াখালী।

স্থায়ী ঠিকানাঃ
গ্রাম ঃ ঘুরচাকাঠী
ডাক- ঘুরচাকাঠী
উপজেলা ঃ বাউফল
জেলা ঃ পটুয়াখালী।

বিষয়ঃ উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদে নিয়োগপত্র।

উপর্যুক্ত বিষয়ে আপনার আবেদন, পরবর্তীতে গৃহীত লিখিত পরীক্ষা এবং মৌখিক সাক্ষাৎকারের ভিত্তিতে আপনাকে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনে **"উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)"** পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেডে টাকা ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে মাসিক মূল বেতন ১৬০০০/- (ষোল হাজার) টাকায় নিম্নবর্ণিত শর্তে সাময়িকভাবে নিয়োগ প্রদান করতঃ সংস্থাধীন চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, রাঙ্গাদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম এ পদায়ন করা হলোঃ

১। বর্ণিত বেতন ছাড়াও আপনি সরকারি/সংস্থার নিয়মানুযায়ী বাড়ী ভাড়াভাতা, চিকিৎসাভাতা, বোনাসসহ আনুষঙ্গিক অন্যান্য সুযোগ- সুবিধা প্রাপ্য হবেন।

২। বিসিআইসি ওয়েবসাইট www.bcic.gov.bd হতে পুলিশ ভেরিফিকেশন ফরম সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে ০৫ (পাঁচ) সেট এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের মোট ০৪(চার) কপি ছবি যোগদানের সময় দাখিল করতে হবে। পুলিশ ভেরিফিকেশন ফরম এর প্রতি সেটের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদের (ইউনিয়ন/পৌরসভা কর্তৃক প্রদত্ত) ফটোকপি জমা দিতে হবে। ছবিসহ সকল সনদ ও ডকুমেন্ট প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৩। যথাযথ এজেন্সি বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যাচাইক্রমে দাখিলকৃত প্রতিবেদন সন্তোষজনক না হলে অথবা আপনার বিষয়ে বিরূপ মন্তব্য থাকলে অথবা অসত্য তথ্য উপস্থাপিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ সাময়িক নিয়োগ বাতিল হবে।

৪। চাকরিতে যোগদানকালে আপনাকে একজন জামানতদারসহ ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, আপনি যদি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৫ (পাঁচ) বছরের মধ্যে ইস্তফা দেন, তবে সংস্থার নিয়োগ বাবদ ব্যয়িত অর্থ, প্রশিক্ষণকালে আপনাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতা ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সংস্থা কর্তৃপক্ষের নিকট ফেরত দিতে বাধ্য থাকবেন।

৫। আপনার ইস্তফা সংস্থা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি আপনি কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে অনুচ্ছেদ নং-৪ অনুযায়ী আপনার নিকট সংস্থার প্রাপ্য সমুদয় অর্থ দেশে প্রচলিত আইন অনুসারে আদায় করা হবে এবং বিসিআইসি কর্মচারী চাকরি বিধিমালা-১৯৮৮ অনুযায়ী আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। যোগদানকালে স্ব-স্ব জেলার সিভিল সার্জনের নিকট হতে ডোপ টেস্টসহ স্বাস্থ্য পরীক্ষার সনদের দুই সেট (মূল একসেট ও ফটোকপি একসেট) দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত হলে এ সাময়িক নিয়োগ বাতিল হবে।

৭। নিয়োগের প্রথম ১ (এক) বছর আপনি শিক্ষানবিশ (প্রবেশনার) থাকবেন। এ সময়ে আপনার কর্মদক্ষতা, আচার-আচরণ সন্তোষজনক না হলে এবং সংস্থা/কারখানা কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করলে এই শিক্ষানবিশকাল আরও ১ (এক) বছর বৃদ্ধি করতে পারবেন।

৮। সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদ সমাপ্তি, প্রযোজ্য প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া এবং সন্তোষজনক পুলিশ ভেরিফেকেশন প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নির্ধারিত পদ্ধতিতে আপনার নিয়োগ স্থায়ী করা হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৯। আপনার আবেদনপত্রের সাথে সংযুক্ত কাগজপত্রে প্রদত্ত কোন তথ্য যদি ভবিষ্যতে অসত্য/ভুল প্রমাণিত হয় সে ক্ষেত্রে আপনার নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। একই সাথে বিসিআইসি হতে গৃহীত সকল আর্থিক সুবিধাদি ফেরত প্রদান করতে হবে।

১০। বিসিআইসি কর্মচারী চাকরি প্রবিধানমালা-১৯৮৮ দ্বারা আপনার চাকরি নিয়ন্ত্রিত হবে।

১১। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে আপনার চাকরির শর্তাবলী বা দায়িত্বের প্রকৃতি পরিবর্তন করতে পারবে।

১২। প্রথম নিয়োগপ্রাপ্ত কর্মস্থলে আপনাকে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরি করতে হবে। তবে কর্তৃপক্ষ সংস্থার অধীনস্থ যে কোন কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পে আপনাকে বদলী করতে পারবে।

১৩। বিসিআইসি কর্মচারী চাকরি প্রবিধানমালা-১৯৮৮ ও সরকারি ছুটি সংক্রান্ত বিধি অনুযায়ী আপনি ছুটি প্রাপ্য হবেন।

১৪। বিসিআইসি কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল এর নিয়মানুযায়ী আপনি উক্ত তহবিলের সদস্য হতে পারবেন এবং সুবিধাদি ভোগ করতে পারবেন।

১৫। সংস্থার অথবা এর অধীনস্থ কারখানা/প্রকল্পের ব্যবসা বাণিজ্য/সম্পত্তি/গোপনীয় বিষয়/অন্যান্য বিষয়/গোপনীয় তথ্য, ইত্যাদি ব্যাপারে আপনি প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে অন্যের কাছে/অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠানের কাছে আলাপ/ফাঁস করতে পারবেন না।

১৬। চাকরিতে যোগদানের সময় আপনাকে নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য "যৌতুক দিবেন না এবং যৌতুক নিবেন না" মর্মে অঙ্গীকার নামা প্রদান করতে হবে।

১৭। চাকরিতে যোগদান কালে আসা যাওয়ার জন্য আপনি কোন টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

১৮। এ নিয়োগপত্রে যোগদানের সময় দাখিলের জন্য নির্দেশিত সনদ/অন্যান্য কাগজপত্রাদি দাখিল করতে ব্যর্থ হলে যোগদানপত্র গৃহীত হবে না।

১৯। এ নিয়োগপত্রে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে আপনার চাকরি সংক্রান্ত বিষয়ে বিসিআইসি কর্মচারী চাকরি প্রবিধানমালা-১৯৮৮ ও সরকারের প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে এবং বিসিআইসি/সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে আপনার চাকরি নিয়ন্ত্রিত হবে।

২০। উপরোক্ত শর্তাবলী আপনার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ২৪/১২/২০২২ খ্রি. তারিখে ব্যবস্থাপনা পরিচালক, চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, রাঙ্গাদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম এর নিকট আপনাকে যোগদান পত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

13.12.22

(মোহাম্মদ জাকির হোসেন)
চিফ অব পার্সোনেল
ফোনঃ ২২৩৩৮১৮০৯
Email: cop@bcic.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ

১। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, রাঙ্গাদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৩। মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিআইসি, ঢাকা।
৪। হিসাব বিভাগীয় প্রধান, চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, রাঙ্গাদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), (প্রশাসন-২), বিসিআইসি, ঢাকা।
৬। উপ-কর্মচারী প্রধান, (প্রশাসন-১), বিসিআইসি, ঢাকা। [এতদসঙ্গে জনাব মোঃ মুরাদ এর মূল আবেদন ও অন্যান্য সনদপত্র প্রেরণ করা হলো।]
৭। ব্যক্তিগত নথি।
৮। অফিস কপি।